

বর্তমান সময়ে বিবাহের ক্ষেত্রে মোহরে ফাতেমী কত টাকা?

প্রশ্ন:

বর্তমান সময়ে বিবাহের ক্ষেত্রে মোহরে ফাতেমী কত টাকা? আর যে মোহরানা মোহরে ফাতেমী হিসেবে গণ্য হবে, তার সাথে হবু স্ত্রীর স্বর্ণ-গয়নার বিল বন্টন কী হতে পারে? জানতে চাই।

মোঃ এজাজুল হক

উত্তর:

রাসুলুল্লাহ ﷺ-এর মেয়ে ফাতেমা রা.-এর মহর ছিল পাঁচশত দেরহাম। যেমন, মুহাম্মদ ইবনে ইবরাহিম রহ. বর্ণনা করেন,

كان صداق بنات رسول الله ﷺ ونساءه خمس مائة درهم تُنْتَجَى عَشْرَةَ أُوقِيَّةً و نصف

রাসুলুল্লাহ ﷺ-এর মেয়ে ও স্ত্রীগণের মহর ছিল পাঁচশত দেরহাম অর্থাৎ সাড়ে বার উকিয়া। (তাবাকাতে ইবনে সাদ ৮/২২)

“রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মেয়ে ও স্ত্রীদের মোহর ছিল পাঁচশত দিরহাম।”—মুসান্নাফে ইবনে আবি শাইবা ১৬৬৩০।

এই ৫০০ দিরহামই মোহরে ফাতেমী হিসেবে প্রসিদ্ধ। দিরহাম হল রৌপ্যমুদ্রা। পাঁচশত দিরহাম সমান ১৩১.২৫ ভরি বা ১.৫৩০৯কিলোগ্রাম রূপা। রূপার বাজার দর দৈনিক উঠানামা করে। সুতরাং যেদিন বিয়ে সংঘটিত হবে, এই পরিমাণ রূপার সেই দিনের বাজার মূল্য জেনে টাকার পরিমাণ নির্ধারিত করতে হবে। সেটাই হবে বর্তমানে মোহরে ফাতেমীর টাকার পরিমাণ।

কোনো কোনো আলেমের মতে পাঁচশত দিরহাম সমান ১৫০ভরি রূপা। আপনি চাইলে এই পরিমাণ রূপার বাজার মূল্য হিসেব করেও মোহরে ফাতেমী আদায় করতে পারেন।

স্ত্রীর মোহর আদায় করতে হয় ‘সম্পদ’ দিয়ে। আল্লাহ তায়ালা বলেন-

وَأَحْلَلْ لَكُمْ مَا وَرَاءَ ذَلِكَ أَنْ تَبْتَغُوا بِأَمْوَالِكُمْ مُحْصِنِينَ غَيْرِ مُسَافِحِينَ فَمَا اسْتَبْتَعْتُمْ بِهِ مِنْهُنَّ فَآتُوهُنَّ أُجُورَهُنَّ فَرِيضَةً
وَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيمَا تَرَاضَيْتُمْ بِهِ مِنْ بَعْدِ الْفَرِيضَةِ إِنَّ اللَّهَ كَانَ عَلِيمًا حَكِيمًا (24)

উল্লেখিত নারীরা ছাড়া অন্য নারীদের অর্থ ও মোহরানার বিনিময়ে বিয়ে করা তোমাদের জন্য বৈধ। এসব বিয়ের উদ্দেশ্য পবিত্রতা ও সম্ভ্রম রক্ষা অবৈধ যৌন সম্পর্ক নয়। আর যে সব নারীকে তোমরা অস্থায়ীভাবে বিয়ের পর সন্তোষ করেছ তাদেরকে নির্ধারিত

মোহর দেয়া তোমাদের জন্য অবশ্য পালনীয় কতব্যা। মোহর নির্ধারনের পর কোন বিষয়ে পরস্পরে রাজী হলে তাতে তোমাদের কোন দোষ নেই। আল্লাহ সর্বজ্ঞ এবং প্রজ্ঞাময়।" (৪:২৪) সূরা নিসা ২৪

অতএব, মোহর টাকা দিয়ে যেমন আদায় করা যায়, তেমনি স্বর্ণ-গয়না দিয়েও আদায় করা যায়। স্বর্ণ গয়না দেয়ার সময় যদি তা মোহরের নিয়ত করে দেন, তবে তা মোহর হিসেবে ধর্তব্য হবে এবং মোহরের অংক থেকে তার মূল্য পরিমাণ কাটা যবে।

-আহকামুল কুরআন, জাসসাস: ৩/৮৬; বাদায়েউস সানায়ে': ২/২৭৬; ফাতহুল কাদির: ৩/৩৮১; ফতোয়া শামি: ৩/১৫১;
জাওয়াহিরুল ফিকহ: ৩/৪১০

فقط. والله تعالى اعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি

২১ রমজান, ১৪৪১ হি.

১৫ মে, ২০২০ ঈ.



اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ